**Revision**

১) নীচের প্রশ্নগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো।

ক) বকটি কোথায় ওত পেতে বসে থাকতো?

পুকুরের ধারে/ বনের ধারে /সমুদ্রের ধারে /নদীর ধারে

খ) পুকুরের জল কখন শুকিয়ে যায়?

শীতকালে /বসন্তকালে/ গরমকালে /বর্ষাকালে

গ ) বক বুড়ো মাছকে কিভাবে সরোবরে নিয়ে গিয়েছিল?

মুখে করে /গলায় করে /ঠোঁটে করে / মাথায় করে

ঘ ) "লোভের পরিনাম' গল্পে বোধিসত্ত্ব আসলে কি?

একটি গাছ / একটি ফুল / একটি ফল / একটি পাখি

ঙ) কাঁকড়া কিভাবে সরোবরে গিয়েছিল?

বকের ঠোঁটে করে / বকের গলা ধরে /বকের পিঠে চেপে /বকের মাথায় করে

চ) কোন কোন মাস নিয়ে শীতকাল হয়?

বৈশাখ-জ্যৈষ্ঠ /পৌষ -মাঘ/ আষাঢ়- শ্রাবণ /ভাদ্র আশ্বিন

ছ ) ছাগলটি উলকে কি ভেবে গিলে ফেলেছিল?

ফল/ ফুল /পাতা/ গাছ

জ ) ছাগলটির কোন মাসে বাচ্চা হয়েছিল?

জ্যৈষ্ঠ /পৌষ / বৈশাখ / মাঘ

ঝ ) পরীরা কোন মাসে ফুল বোনে?

বৈশাখ/ চৈত্র/ ফাল্গুন / জ্যৈষ্ঠ

ঞ) চাঁদ কেমন করে চেয়ে থাকে?

মিটিমিটি / পিটিপিটি / ঝিমিঝিমি / ঘুমঘুম

ট) কাদের চোখ ঘুমঘুম ?

দাদু- দিদা /মা - বাবা /মামা-মামী/ ভাই- বোন

ঠ ) ছাগলছানাটি জন্মানোর সময় তার গায়ে কি ছিল?

বস্তা / জামা /প্যান্ট / সোয়েটার

ড ) জোছনা রাতে বনভূমিটি দেখতে কেমন লাগছিল?

ঘুমঘুম/ নিঝঝুম/ ঝুমঝুম /ঝিমিঝিমি

ঢ )কবি বনে কাদের গান শুনতে পেয়েছিলেন?

শিশুদের /পরীদের / ভূতেদের / পাখিদের

ণ) 'ছাগলের কান্ড' কবিতাটির কবি কে?

মোহিতলাল মজুমদার/ ভবানীপ্রসাদ মজুমদার /রবীন্দ্রনাথ ঠাকুর / সুকুমার রায়

ত ) মন্তব্য: বকটি শেষ পর্যন্ত মারা গিয়েছিল।

কারণ : সে খুব লোভী ছিল।

মন্তব্য ঠিক, কারণ ভুল/ মন্তব্য ভুল, কারণ ভুল /মন্তব্য ঠিক, কারণ ঠিক/ মন্তব্য ভুল, কারণ ঠিক

থ) মন্তব্য: জোছনা রাতে চারিদিক আলোকিত হয়ে যায়।

কারণ : সূর্যের আলো পৃথিবীতে পড়ে।

মন্তব্য ঠিক, কারণ ভুল/ মন্তব্য ভুল, কারণ ভুল /মন্তব্য ঠিক, কারণ ঠিক/ মন্তব্য ভুল, কারণ ঠিক